



বাংলাদেশ পশু উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা।

স্মারক নং ৪৭.৬৩.০০০০.০৩৫.০৬.০০১.২১/ ৬৪২

তারিখঃ ২৭/০৪/২০২৫খ্রি.

গাছ বিক্রির নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ পশু উন্নয়ন একাডেমি (বার্ড), কোটবাড়ী, কুমিল্লা এর ৩৫টি গাছ বিক্রির জন্য নিলাম দরপত্রের মাধ্যমে বিক্রয় করা হবে। প্রতিষ্ঠান/ব্যক্তি/ঠিকাদারগণ আগামী ২৭/০৪/২০২৫ থেকে ১৪/০৫/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে এস্টেট-কাম-স্টোর অফিসার, বার্ড এর দপ্তর হতে প্রতিটি শিডিউল ১০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে (অফেরৎযোগ) সংগ্রহ করা যাবে। নিলাম দরপত্র আগামী ১৫/৫/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত পরিচালক (প্রশাসন), বার্ড এর দপ্তর এবং জেলা প্রশাসন, কুমিল্লা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বন্ধে ফেলতে হবে। অন্যান্য শর্তাবলী শিডিউলে উল্লেখ আছে। (নিলাম দরপত্র সংক্রান্ত তথ্যাবলী বার্ড এর website: www.bard.gov.bd এ পাওয়া যাবে)।

(আইরীন পারভিন)
পরিচালক (প্রশাসন)

নিলামের শর্তাবলি :

- ১। জামানত হিসেবে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পরিচালক (প্রশাসন), বার্ড-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডারসহ নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- ২। দরপত্র দাখিলের পূর্বে নিলামযোগ্য গাছ সরেজমিনে দেখার জন্য বার্ডের বাগান শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে। নিলাম কার্য সম্পন্ন হওয়ার পর গাছের অবস্থা, আকার ও কাঠের পরিমাণ সম্পর্কীয় কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৩। দরপত্র সিডিউল পরিচালক (প্রশাসন), বার্ড এর দপ্তরে ও জেলা প্রশাসন, কুমিল্লা এর দপ্তরে দরপত্র বন্ধে জমা দিতে হবে। দরপত্র ডাকযোগে প্রেরণ করা যাবে। তবে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ১৫/০৫/২০২৫খ্রি তারিখ বেলা ০৩:০০ ঘটিকার সময় দরদাতাগণের উপস্থিতিতে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র খোলা হবে।
- ৪। সফল নিলামকারী কর্তৃক নিলামকৃত গাছ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থা থেকে কার্যাদেশে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে নিজস্ব খরচে কেটে নিয়ে যেতে হবে। উল্লিখিত সময়ের পর এতদবিষয়ে নিলামকারী বা তার নিযুক্ত লোকজনের বার্ড ক্যাম্পাসে অবস্থান বা চলাফেরা গ্রহণযোগ্য হবে না।
- ৫। সর্বোচ্চ নিলাম দরদাতাকে তাঁর দরপত্র উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ সাপেক্ষে নিলাম মূল্যের সম্পূর্ণ টাকা ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বাগান শাখায় নগদ জমা দিয়ে গাছ বুঝে নিতে হবে।
- ৬। সফল নিলামকারী কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে নিলাম মূল্যের সম্পূর্ণ টাকা জমা দিতে ব্যর্থ হলে বা গাছ নিতে অস্বীকৃতি জানালে জামানত বাবদ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ৭। কৃতকার্য দরদাতা কর্তৃক নিলামকৃত গাছ কাটা ও নেয়ার সময় পাশবর্তী গাছ ও স্থাপনার কোন ক্ষতি করা যাবে না। যদি কোন গাছ বা স্থাপনার ক্ষতিসাধন হয় তাহলে নিলাম গ্রহীতা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
- ৮। সরকারি নিয়মানুযায়ী কৃতকার্য দর দাতাকে তাঁর উদ্ধৃত মোট মূল্যের উপর অগ্রিম ১৫% হারে ভ্যাট ও ১০% হারে আয়কর জমা দিতে হবে।
- ৯। দরপত্র সিডিউলে মোট উদ্ধৃত টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে। অস্পষ্ট এবং উপর্যুপরি লিখন গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। সফল দরদাতা কর্তৃক নিলাম মূল্যের সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে নিলামকৃত গাছ একাডেমি কর্তৃক নিলামগ্রহীতার নিকট হস্তান্তরের পর বিক্রিত গাছ কর্তনের ব্যাপারে একাডেমীর কোন দায়-দায়িত্ব থাকবে না এবং এ ব্যাপারে নিলামগ্রহীতার কোন আপত্তি/অভিযোগও গ্রহণযোগ্য হবে না।
- ১১। বিক্রিত গাছ পাহারা বা কর্তনের ক্ষেত্রে নিয়োজিত কোন ব্যক্তির উচ্ছৃঙ্খলতা, অসামাজিক বা অশোভন কার্যকলাপ কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। এরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হলে একাডেমী কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।
- ১২। কৃতকার্য দরদাতা কর্তৃক গাছ কর্তন করার পর মজুদ রাখার জন্য বার্ড ক্যাম্পাসে কোন ঘর/গোড়াউন দেয়া হবে না।
- ১৩। গাছ কর্তনের সময় একাডেমীর কোন কর্মকর্তা/কর্মচারী বা ক্যাম্পাসে বসবাসকারী কারো সাথে নিলামগ্রহীতার কোন দেখা দিলে তা তাত্ক্ষণিকভাবে বার্ড কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। কিন্তু কোন অবস্থাতেই নিলামগ্রহীতা সরাসরি বিরোধে জড়িত হতে পারবে না।
- ১৪। বর্ষিত শর্তাদি ভঙ্গের দায়ে নিলামকৃত গাছ সম্পূর্ণ বা আংশিক বাজেয়াপ্তসহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষমতা একাডেমী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১৫। একাডেমী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বর্জন অথবা সবগুলো দরপত্রই বর্জন করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৬। আগ্রহী দরদাতাগণ দরপত্র সিডিউল এস্টেট-কাম স্টোর অফিসার, বার্ড এর নিকট হতে নগদ ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের (অফেরৎযোগ) ১৪/০৫/২০২৫খ্রি. তারিখে ব্যক্তিগতভাবে অফিস চলাকালীন সময়ে ক্রয় করতে পারবেন।
- ১৭। বর্ষিত শর্তাদি বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে বার্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(আইরীন পারভিন)
পরিচালক (প্রশাসন)

০৭ এপ্রিল ২০২৫